দৈনিক ইনকিলাব

তারিখ 04 SEP 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

05

### অভিভাবকদের কাছে বুয়েট কর্তৃপক্ষের চিঠি

# প্রকৌশল বিশ্ববিদ্যালয় বন্ধের কারণ ব্যাখ্যা

।। মিডিয়া সিন্ডিকেট ।।

মিডিয়া সিন্ডিকেট : সন্ত্রাসী ঘটনায় অনির্দিষ্টকালের জন্য দেশের একমাত্র প্রকৌশল বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার বিষয়ে বুয়েট কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রী, অভিভাবক ও রাজনৈতিক নেতৃবৃন্দের কাছে লেখা এক চিঠিতে বলছে, মুষ্টিমেয় কিছু ছাত্রের রাজনৈতিক উচ্চাভিলাষের কারণে মেধাবী তরুণদের ভবিষ্যৎ অনিশ্চিত করে তোলা তথা রাষ্ট্রের ভবিষ্যৎ অন্ধকার করা কোন দেশপ্রেমিক নাগরিকের কাম্য হতে পারে না। দেশের স্বার্থেই এই অপতৎপরতার বিরুদ্ধে

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## প্রকৌশল বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

দেশবাসীকে সোচ্চার হতে হবে।

গতকাল থেকে প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ চিঠি বিতরণ করতে শুরু করেছে। প্রায় তিন হাজার চিঠি দেয়া হবে।

চিঠিতে উল্লেখ করা হয়, ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি নিয়ে যখন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এগিয়ে যাচ্ছিলেন, তখন ক্যাম্পাসে এক নজিরবিহীন সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করা হয়। বোমাবাজি, আবাসিক হলের কক্ষ ভাঙচুর, প্রকাশ্যে অস্ত্র উঁচিয়ে মিছিল ও ভীতি প্রদর্শন করা হয়। বিশ্ববিদ্যালয়ে ক্লাসগুলো দারুণভাবে বিঘ্নিত করা হয়। ক্লাসে যোগদানেচ্ছু ছাত্র-ছাত্রীদের শারীরিকভাবে বাধা প্রদান, ক্লাস রুমের সামনে বোমাবাজি, শিক্ষকের উপস্থিতিতে ক্লাস রুমে ভাঙচুর, শিক্ষকের বাসভবনে হামলা প্রভৃতির মাধ্যমে কতিপয় ছাত্র কর্তৃক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক নারকীয় তাণ্ডবের সৃষ্টি ও হুমকি প্রদানের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠানে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়। এমনকি এক পর্যায়ে কোন কোন রাজনৈতিক দলের সর্বোচ্চ পর্যায় হতে নির্বাচন স্থগিত রাখার অনুরোধও জানানো হয়। এমতাবস্থায় ব্যাপকতর গোলযোগের আশংকায় এবং জানমালের নিরাপত্তা বিধানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা, ছাত্র-ছাত্রীদের হলত্যাগের নির্দেশ প্রদান এবং নির্বাচন স্থগিত রাখতে বাধ্য হয়। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা সৃষ্টি হলে দেশে প্রকৌশল শিক্ষার ভবিষ্যৎ কি হবে তা নিয়ে দেশবাসীকে অবশ্যই ভাবতে হবে। চিঠিতে তাগিদ দিয়ে কর্তৃপক্ষ আশা প্রকাশ করে যে, সন্ত্রাস সৃষ্টির মাধ্যমে একটি বিশ্ববিদ্যালয়ের নিয়মিত কর্মকাণ্ড পরিচালনায় বিঘ্ন সৃষ্টিকারী মুষ্টিমেয় ছাত্রের প্রতি প্রচ্ছন্ন সমর্থন দেয়ায় বিরত থেকে রাজনৈতিক নেতৃবৃন্দ তাদের অনুসারীদের মধ্যে শৃংখলাবোধ, পরমত সহিষ্ণুতা, নিয়মানুবর্তিতা প্রভৃতি গুণাবলী বিকাশের প্রতিই অধিকতর গুরুত্ব আরোপ করবেন।

গত ১৮ আগস্ট প্রকৌশল বিশ্বদ্যিালয়ের ছাত্র সংসদের নির্বাচন করার কথা ছিল। কিন্তু ছাত্র লীগ (ম-ই)-এর বাধা ও সশস্ত্র তৎপরতার কারণে ১৭ আগস্ট বুয়েট বন্ধ ঘোষিত হয়। বিশ্ববিদ্যালয়ে ভিসি এক সাক্ষাৎকারে জানিয়েছিলেন যে, নির্বাচন বন্ধ রাখার জন্য আওয়ামী লীগ নেতৃবৃন্দ তাঁকে ফোন করেছিলেন।